সংবাদ।

915

৩০।৬।৮১

010

# বিনামূল্যে বই বিতরণ : এখনো শুরু হয়নি

সিরাজগঞ্জ, ২৬শে জুন (নিজস্ব সংবাদদাতা)।— প্রাথমিক বিদ্যালয়ের গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যে বিতরণের জন্য পাঠ্য পুস্তকগুলো দীর্ঘ ছয় মাস পর সবেমাত্র মহকুমা শিক্ষা অফিসে এসে পৌঁছেছে। পাঠ্য পুস্তকগুলো বিভিন্ন নিয়ম কানুনের মধ্য দিয়ে বিতরণ করতে আরো দেড় থেকে দু'মাস সময় প্রয়োজন। অর্থাৎ পুস্তকগুলো ছাত্র ছাত্রীদের হাতে পৌঁছতে পৌঁছতেই ষাণ্মাসিক পরীক্ষা শেষ হয়ে যাবে।

এ কারণেই স্বভাবতঃই জনমনে প্রশ্ন দেখা দেয় যে উদ্দেশ্যকে সামনে রেখে সরকার এ ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে তার কতটুকু সার্থক হলো। সরকারের উদ্যোগটি ছিল প্রশংসনীয়। কিন্তু পাঠ্য পুস্তকগুলো যথা সময়ে বিতরণের ব্যবস্থা করতে না পারায় উদ্যোগটি সম্পূর্ণরূপে ব্যর্থতায় পর্যবসিত হলো। এতে করে সরকারের বিপুল অর্থেরও অপচয় হয়েছে।

যে সকল মেধাবী এবং গরীব ছাত্র-ছাত্রীরা বিনামূল্যে বই পাবার সৌভাগ্য অর্জন করেছিল তাদের কয়েকজন অভিভাবকদের এ সম্পর্কে ক্ষোভ প্রকাশ করে বলেন যে, সরকার আমাদের উপকার করার নামে আরো ক্ষতি সাধন করেছে। বিনামূল্যে বই পাবার তালিকা অন্তর্ভুক্ত হওয়ায় আমরা পোষ্ট অফিস থেকে বই সংগ্রহেও বঞ্চিত হয়েছি। বই পাবার আশায় থেকে আমাদের ছেলেমেয়েদের লেখাপড়ার যথেষ্ট ক্ষতি সাধন হয়েছে। এরপরেও বই পাবার লক্ষণ না দেখে বাধ্য হয়ে আমাদেরকে লাইব্রেরী থেকে অধিক মূল্যে বই কিনতে হয়েছে। যদিও তারা সবগুলো বই এখনও সংগ্রহ করতে পারেননি তথাপি তারা আর অসময়ে সরকারের কাছ থেকে বই নিয়ে সুনাম কুড়াতে বাকী নন বলেও মন্তব্য করেন।